



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2021

গভর্নর ক্যাথি হোকল

5-11 বছর বয়সীদের জন্য CDC-র ফাইজার টিকা সুপারিশ করা সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজকের ঘোষণা এই মহামারীর সাথে লড়াইয়ে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। নিউ ইয়র্ক স্টেটের ক্লিনিক্যাল অ্যাডভাইজরি টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force) সর্বসম্মতভাবে CDC-র সাথে একমত পোষণ করেছে। পরবর্তীতে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) জনসাধারণের জন্য নির্দেশনা জারি করবে।

আমি পিতামাতাদেরকে তাদের পেডিয়াট্রিশিয়ানদের সাথে যোগাযোগ করতে এবং তাদের সন্তানদের টিকা দেয়ার জন্য প্রস্তুতি নিতে উৎসাহিত করছি। নিউ ইয়র্ক স্টেট এই মুহূর্তটির জন্য প্রস্তুতি নিচ্ছিল, এবং আমরা সব লভ্য চ্যানেলের মাধ্যমে টিকা প্রদানের ব্যবস্থা করে সাহায্য করতে কোনো সময় অপচয় করবো না যাতে আমরা আমাদের শিশুদের কোভিড-19 থেকে সুরক্ষিত রাখতে পারি এবং অবশেষে এই মহামারীর অবসান ঘটাতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)